ঝিনাইদহে আদিবাসী ফোরামের সম্মেলন অনুষ্ঠিত

ঝিনাইদহে আদিবাসী ফোরামের সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার দুপুরে শহরের ফ্যামিলি জোন কমিউনিটি সেন্টারে সদর উপজেলা আদিবাসী ফোরামের আয়োজনে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ আদিবাসী ফোরাম সদর উপজেলা শাখার আহকবায়ক স্বপন কুমার বাগদীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও বাংলাদেশ পূজা উদযাপন পরিষদের কেন্দ্রীয় নেতা কনক কান্তি দাস।

বিশেষ অতিথি হিসাবে ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, জেলা হিন্দু বৌদ্ধ খৃষ্টান ঐক্য পরিষদের সভাপতি নারায়ন চন্দ্র বিশ্বাস, বীর মুক্তিযোদ্ধা তাহাজ উদ্দিন আহমেদ, বাংলাদেশ আদিবাসী ফোরামের সহ-সাধারণ সম্পাদক গজেন্দ্রনাথ মাহাতো, আদিবাসী ফোরামের জেলা সভাপতি অসিত কুমার বিশ্বাস সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এতে সদর উপজেলার ৪৩টি গ্রামের আদিবাসী প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে ভর্তুকি মুল্যে টিসিবি’র পণ্য বিক্রয়

ঝিনাইদহে জুন মাসের ভর্তুকি মূল্যে খাদ্যপণ্য বিক্রি শুরু করেছে বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন ট্রেডিং করপোরেশন অব-বাংলাদেশ (টিসিবি)।

আজ বৃহস্পতিবার (৬ জুন) সকালে শহরের শিশু একাডেমিতে এ কার্যক্রমের উদ্বোধন করেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

সেসময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী, জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, সাংগঠনিক সম্পাদক অশোক ধর, ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ, টিসিবি’র সহকারী পরিচালক আতিকুর রহমান, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা আয়ুব হোসেন, টিসিবি’র ডিলার ভাই ভাই ভ্যারাইটি ষ্টোরের স্বাধিকারী খায়রুল ইসলাম টিটন সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সংশ্লিষ্টরা জানায়, এবারও জেলার ৬ উপজেলায় ১০৪ জন ডিলারের মাধ্যমে ১ লাখ ২০ হাজার ১’শ ৩৩ জন ফ্যামিলি কার্ডধারী নিম্ন আয়ের পরিবারের মাঝে এসব পণ্য বিক্রি করা হবে। প্রতিটি ফ্যামিলি কার্ডে ৪’শ ৭০ টাকায় ২ কেজি মসুরের ডাল, ২ লিটার সয়াবিন তেল ও ৫ কেজি চাউল মিলবে।

ঝিনাইদহে ৩ দিন ব্যাপী কৃষি মেলার উদ্বোধন

ঝিনাইদহে ৩ দিন ব্যাপী কৃষি মেলার উদ্বোধন করা হয়েছে। আজ বুধবার সকালে সদর উপজেলা পরিষদ চত্বরে কৃষি বিভাগের পক্ষ থেকে এ মেলার উদ্বোধন করা হয়।

এ উপলক্ষে সকালে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি বিভিন্ন স্থান প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। পরে ফিতা কেটে ও বেলুন উড়িয়ে মেলার উদ্বোধন করেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

অনুষ্ঠানে জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ ষষ্টী চন্দ্র রায়, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী, কৃষি কর্মকর্তা নূর-এ-নবী, সদর উপজেলা অতিরিক্ত কৃষি অফিসার মুহাম্মদ জুনাইদ হাবীবসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

আয়োজকরা জানায়, কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের আওতায় ৩ দিন ব্যাপী এ মেলার উদ্বোধন করা হয়েছে। এতে জেলা ও উপজেলার ২০ টি স্টল

প্রদর্শণ করা হয়েছে। এতে সদর উপজেলার বিভিন্ন গ্রামের কৃষক তাদের উৎপাদিত ফসল প্রদর্শণ করেছেন। আগামী শুক্রবার এ মেলার সমাপনী অনুষ্ঠিত হবে।

ঝিনাইদহে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে মানববন্ধন

‘ ‘করবো ভূমি পুনরুদ্ধার, রুখবো মরুময়তা, অর্জন করতে হবে মোদের খরা সহনশীলতা’’ প্রতিপাদ্যকে সামনে নিয়ে পরিবেশ রক্ষার আইন ও নীতির কার্যকর প্রয়োগ এবং বাংলাদেশের টেকসই পরিবেশ উন্নয়ন নিশ্চিতের দাবিতে ঝিনাইদহে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে মানবন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

আজ বুধবার (৫ জুন) সকালে সচেতন নাগরিক কমিটি (সনাক) ঝিনাইদহ এর উদ্যোগে শহরের পোস্ট অফিস মোড়ে এই মানববন্ধন কর্মসূচী পালিত হয়। মানব বন্ধনে তারা পরিবেশ সংক্রান্ত আইন ও নীতির কার্যকর প্রয়োগ এবং বাংলাদেশের টেকসই পরিবেশ উন্নয়ন নিশ্চিত করতে আহ্বান জানান।

এ বছর বাংলাদেশ সরকার ‘‘করবো ভূমি পুনরুদ্ধার, রুখবো মরুময়তা, অর্জন করতে হবে মোদের খরা সহনশীলতা’’ প্রতিপাদ্য নির্ধারণ করে দিনটি উদযাপন করছে। সরকারের সহায়ক শক্তি হিসেবে পরিবেশ খাতে সুশাসনের গুরুত্ব বিবেচনায় টিআইবি প্রতি বছরই বিশ^ পরিবেশ দিবস পালন করে।

এরই ধারাবাহিকতায়, এ বছর টিআইবি ‘‘করবো ভূমি পুনরুদ্ধার, রুখবো মরুময়তা, অর্জন করতে হবে মোদের খরা সহনশীলতা’’ প্রতিপাদ্য হিসেবে নিয়ে দিবসটি পালন করছে। সনাক আয়োজিত এই মানববন্ধনে বক্তব্য দেন সনাক সহসভাপতি সালমা খানম, সুজন সভাপতি ও পিএফজি সদস্য এবং বার্তা সংস্থা ইউএনবির জেলা প্রতিনিধি আমিনুর রহমান টুকু, সনাক সদস্য এন.এম. শাহজালাল, পরিবেশ উপকমিটির সদস্য ডা.হাসানুজ্জামান, স্বাস্থ্য কর্মী কাজল কুমার বিশ^◌াস ও পদ্মা সমাজ কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক মোঃ হাবিবুর রহমান

প্রমূখ।

পরিবেশ বান্ধব টেকসই বাংলাদেশ এবং সবুজ ভবিষ্যৎ উন্নয়নে প্রতি বছরের ন্যায় বিশ^ পরিবেশ দিবস উপলক্ষে টিআইবি দেশব্যাপী নানাবিধ প্রচারণামূলক কর্মসূচী পালন করছেন।

এ সকল কর্মসূচির পাশাপাশি অধিপরামর্শমূলক কাজের অংশ হিসেবে টিআইবি নীতিনির্ধারণী পর্যায়ে সুনির্দিষ্ট সুপারিশমালা তুলে ধরেণ। তার মধ্যে তাপমাত্রা হ্রাস এবং খরা ও মরুকরণ প্রতিরোধে সরকারের কর্মসূচী বাস্তবায়ন নিশ্চিত করা, পরিবেশ সুরক্ষা ও টেকসই উন্নয়ন নিশ্চিত করণ, জলবায়ু পরিবর্তন-সংক্রান্ত বিষয়গুলোকে যথাযথ গুরুত্ব প্রদান করা ও পলিথিনসহ শিল্পবর্জ্য নিয়ন্ত্রণে পরিবেশ ও বর্জ্য ব্যবস্থাপনা-সংক্রান্ত আইন ও বিধিমালার কঠোর প্রয়োগ নিশ্চিত করাসহ ১৯দফা দাবি বাস্তবায়নের সুপারিশ জানান।

কোটচাঁদপুরে সড়ক দুর্ঘটনায় নি*হ*ত ১

ঝিনাইদহের মহেশপুরের বারমাসিয়া মোড়ে মঙ্গলবার বিকেল ৩ টার সময় মটরসাইকেল আর যাত্রীবাহী বাসের মুখোমুখি সংঘর্ষের ঘটনা ঘটেছে। ওই ঘটনায় মশিয়ার রহমান নামের এক কীটনাশক কোম্পানির প্রতিনিধি মারা গেছে।

মৃত মশিয়ার রহমানের মামাত ভাই পান্না বলেন,কালিগঞ্জের নলডাঙ্গার দুতরাজপুর গ্রামে বাড়ি মশিয়ার রহমানের (৩৫)। সে ওই গ্রামের হেলাল উদ্দিনের ছেলে। মশিয়ার কোটচাঁদপুর জীবননগর এলাকা এসআই এগ্রো ইন্টারন্যাশনাল কীটনাশক কোম্পানিতে চাকুরী করতেন।

সকালে বাড়ি থেকে বের হয়ে জীবননগর গিয়ে ছিল। ওই সময় সে মার্কেট শেষে বাড়ি ফিরছিল। পথিমধ্যে মহেশপুরের বারমাসিয়া নামক স্থানে পৌছালে শাপলা পরিবহনের যাত্রী বাহী বাসের সঙ্গে সংঘর্ষ হয়। এতে করে সে গুরুতর আহত হন।

খবর পেয়ে কোটচাঁদপুর ফায়ার সার্ভিস সদস্যরা উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন। তবে স্বাস্থ্য কমপ্লেক্সে আসার আগেই তাঁর মৃত্যু হয়েছে বলে জানতে পেরেছি। মশিয়ার রহমান দুই সন্তানের জনক।

কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের চিকিৎসক সুমন ঘোষ বলেন,ফায়ার সার্ভিস কর্মীরা স্বাস্থ্য কমপ্লেক্সে মৃত অবস্থায় নিয়ে আসেন। আমরা চিকিৎসা দেয়ার সময় হয়নি।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) সাঈদ আল মামুন বলেন, ঘটনাটি ঘটেছে মহেশপুরের ভিতর। তারা বাসটি উদ্ধার করেছেন,কিনা জানিনা। তবে মৃত দেহের সুরতহাল করবো আমরা। ওই ঘটনায় মামলা হবে কিনা জানিনা।

কোটচাঁদপুর ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে বই বিক্রির অভিযোগ

সরকারি পুরাতন বই ভাংড়ীর দোকানে বিক্রির অভিযোগ উঠেছে কোটচাঁদপুরের ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে। এভাবে বই বিক্রি করতে পারেন না, বললেন উপজেলা শিক্ষা কর্মকর্তা অশোক কুমার। মঙ্গলবার (৪ জুন) সকালে ভাংড়ী দোকানির কাছে বইগুলো বিক্রি করেন তিনি।
সংশ্লিষ্ট সুত্রে জানা যায়, মঙ্গলবার সকালে ঝিনাইদহের চন্ডিপুর বাজারের আলিমের ভাংড়ির দোকানে সরকারি পুরাতন বই বিক্রি করা হয়েছে। এমন অভিযোগ উঠেছে কোটচাঁদপুরের ফুলবাড়ি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুদ্দিন আহম্মদের বিরুদ্ধে। তিনি এ বই বিক্রির কথা স্বীকার করে বলেন, বছর শেষে ছাত্র / ছাত্রীদের কাছ থেকে যে বই নেয়া হয়। সেই বইগুলো বিক্রি করা হয়েছে। এ ব্যাপারে পরে রেজুলেশন করে নিবেন বলে জানিয়েছেন তিনি।
তবে ওই বিদ্যালয়ের সভাপতি ও সাবেক ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল মতিন বলেন,বই বিক্রির ঘটনাটি স্কুলে রেজুলেশন করা আছে। ঘটনাটি সাংবাদিকদের পেপারে ছাপিয়ে দিতে বলেন।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর উপজেলা শিক্ষা কর্মকর্তা অশোক কুমার বলেন,বিদ্যালয়ের কোন কিছু বিক্রি করতে হলে আমাদের অনুমতি নিতে হবে। এ ক্ষেত্রে আমাকে তারা কিছু জানাননি। আর এভাবে কতৃপক্ষ বই বিক্রি করতে পারেন না।
উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে বলেন,এটা মাধ্যমিক বিদ্যালয়ের ঘটনা। আপনারা উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সঙ্গে কথা বলেন।ওনি বিস্তারিত বলতে পারবেন। আর আমি শিক্ষা কর্মকর্তার সঙ্গে কথা বলছি বলে জানান।

ঝিনাইদহে প্রান্তিক কৃষকদের মাঝে সার ও বীজ বিতরণ

গ্রীষ্মকালীন পেঁয়াজ ও রোপা আমন (উফশী) ধান এর আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ঝিনাইদহে ২৪’শ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে পেঁয়াজ ও ধান বীজ এবং সার বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকালে সদর উপজেলা পরিষদ চত্বরে কৃষি বিভাগের পক্ষ থেকে এ পেঁয়াজ ও ধান বীজ এবং সার বিতরণ করা হয়।

কর্মসূচীতে উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য নাসের শাহরিয়ার জাহেদী মহুল। জেলা কৃষি অধিদপ্তরের উপ-পরিচালক ষষ্টি চন্দ্র রায়, উপজেলা কৃষি অফিসার নূর-এ-নবী, উপজেলা সহকারী কৃষি অফিসার জুনায়েদ হাবিব সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

কৃষি বিভাগ জানায়, চলতি খরিপ-১/২০২৪-২৫ মৌসুমে প্রণোদনা কর্মসূচীর আওতায় সদর উপজেলার ১৭ টি ইউনিয়ন ও ১ টি পৌরসভার ২ হাজার ৪’শ কৃষকদের মাঝে বিনামূল্যে ১ কেজি করে উন্নত জাতের গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ, ডিএপি সার ২০ কেজি, এমওপি ২০ কেজি।

এছাড়া উন্নত জাতের রোপা আমন (উফশী) ধান ৫ কেজি করে, ডিএপি সার ১০ কেজি, এমওপি ১০ কেজি করে বিতরণ করা হয়।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এ ব্যপারে হরিণাকুণ্ডু থানার ওসি জিয়াউর রহমান বলেন, এ বিষয় আমার জানা আছে। ইতিপূর্বে বজলুর রহমানের অভিযোগের প্রেক্ষিতে অভিযুক্ত মহসিনকে আটক করে জেল হাজতে পাঠানো হয়েছিলো । আবারও তার বিরুদ্ধে লিখিত অভিযোগ পেয়েছি। তদন্তসাপেক্ষে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

ঝিনাইদহে কাবাডি প্রতিযোগিতা অনুষ্ঠিত

ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি-২০২৩-২৪ এর আওতায় ঝিনাইদহের হরিণাকুন্ডুতে কাবাডি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

জেলা ক্রীড়া অফিসের আয়োজনে হরিণাকুন্ডু উপজেলার পোড়াহাটি মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

জেলা ক্রীড়া অফিসার মিজানুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন হরিণাকুন্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন।

এছাড়াও উপস্থিত ছিলেন বাংলাদেশ টেলিভিশনের জেলা প্রতিনিধি পিন্টু লাল দত্ত, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা আয়ুব হোসেন, ঝিনাইদহ টিসিবি’র সহকারী পরিচালক আতিকুর রহমান, পোড়াহাটি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল লতিফ,, উপজেলা ও জেলা ক্রীড়া অফিস সহ জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ। এতে অংশগ্রহণ করে উজেলার ৪টি বিদ্যালয়। প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয় পোড়াহাটি মাধ্যমিক বিদ্যালয় কাবাডি দল।